ভোরের কাগজ

তারিখ ... 04 DEC 2002
পৃষ্ঠা ... ৬ কলাম ... ৭

# সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর বাজেট ঘাটতি ১০০ কোটি টাকা

## অর্থমন্ত্রী বরাদ্দ দিয়েছেন ২০ কোটি

সরকারি খাতের ১৭টি বিশ্ববিদ্যালয় বর্তমান অর্থবছরে প্রায় ১০০ কোটি টাকার বাজেট ঘাটতির সম্মুখীন হয়েছে বলে অর্থ মন্ত্রণালয় সূত্র জানিয়েছে।

ঢাকা, রাজশাহী এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ে মোট (৫০ কোটি টাকার বেশি) ঘাটতির ৫০ শতাংশের বেশি ঘাটতি বিরাজ করছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে সবচেয়ে কম ১০ লাখ টাকার ঘাটতি রয়েছে।

বিশ্ববিদ্যালয় সমিতি, বাংলাদেশ (এইউবি)-এর ব্যানারে বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যবৃন্দ গত সোমবার তাঁদের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর আর্থিক সংকট সম্পর্কে অবহিত করার জন্য অর্থমন্ত্রী এম সাইফুর রহমানের সঙ্গে সাক্ষাৎ করেন। তারা প্রতিষ্ঠানগুলো পরিচালনার জন্য অবিলম্বে সরকারি অর্থ চেয়েছেন। এইউবি সভাপতি ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মোস্তাফিজুর রহমান প্রতিনিধি দলের নেতৃত্ব দেন।

অর্থমন্ত্রী উপাচার্যবৃন্দের বক্তব্য মনোযোগ দিয়ে শোনেন এবং বিশ্ববিদ্যালয়গুলোর জন্য ২০ কোটি টাকা বরাদ্দ করেন। তবে তিনি অর্থ ও জনশক্তি যুক্তিসঙ্গতভাবে ব্যবহার করার জন্য তাদের প্রতি আহ্বান জানান। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে তাদের চাহিদা মূল্যায়ন এবং ৩ বছর মেয়াদি পরিকল্পনা গ্রহণের নির্দেশ দেওয়া হয়। এ ভিত্তিতে সরকার পরবর্তী বাজেটে সরকারি বিশ্ববিদ্যালয়সমূহে অর্থ দেবে।

বৈঠকে সাইফুর রহমান বলেছেন, এই ধরনের পরিস্থিতি দীর্ঘস্থায়ী হবে না। আপনাদের নিজস্ব সম্পদ কাজে লাগিয়ে আপনাদের নিজের পায়ে দাঁড়াতে হবে। শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বৈঠকে উপস্থিত ছিলেন।